

## Prime Minister meets Italian Prime Minister Mario Draghi on the margins of G20 Summit in Rome

October 29, 2021

প্রধান মন্ত্রী রোমে জি-20 শীর্ষ সম্মেলনের পার্শ্ববৈঠকে ইতালির প্রধান মন্ত্রী মারিও ড্রাঘির সাথে মিলিত হয়েছেন।

অক্টোবর 29, 2021

অক্টোবর 29, 2021 - এ প্রধান মন্ত্রী রোমে জি-20 শীর্ষ সম্মেলনের পার্শ্ববৈঠকে ইতালির প্রধান মন্ত্রী মারিও ড্রাঘির সাথে মিলিত হয়েছেন। এটি ছিল তাদের প্রথম মুখোমুখি বৈঠক। বৈশ্বিক মহামারীর মধ্যে সফল রূপে জি 20 শীর্ষ সম্মেলনের আয়োজন করার জন্য প্রধানমন্ত্রী ইতালির প্রধানমন্ত্রী ড্রাঘিকে অভিনন্দন জানিয়েছেন। গ্লাসগোতে সিওপি- 26 -এর আয়োজনে যুক্তরাজ্যের সাথে ইতালিও অংশীদার আছে।

2. দুই নেতা জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট চ্যালেঞ্জ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের একসাথে কাজ করা প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী ভারতের দ্বারা গৃহীত জলবায়ু পরিবর্তনমূলক পদক্ষেপগুলি এবং উন্নত বিশ্বের জলবায়ু অর্থায়নের প্রতিশ্রুতি সম্পর্কে উন্নয়নশীল দেশগুলির উদ্বেগের কথা তুলে ধরেন।

3. দুই নেতা আফগানিস্তান এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সহ সাম্প্রতিক আন্তর্জাতিক এবং আঞ্চলিক ঘটনাবলী নিয়ে মতামত বিনিময়ও করেছেন। তারা ভারত-ইইউ বহুমুখী সহযোগিতাকে এগিয়ে নেওয়ার জন্য ঘনিষ্ঠভাবে একসাথে কাজ করার জন্য তাদের ইচ্ছাকে পুনর্ব্যক্ত করেছেন।

4. দ্বিপাক্ষিক দিক থেকে, দুই নেতা 2020 সালের নভেম্বরে ভারত-ইতালি ভার্চুয়াল শীর্ষ সম্মেলনের পর থেকে উন্নয়ন পর্যালোচনা করেছেন এবং ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে গৃহীত 2020-2025 কর্ম পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেছেন যা রাজনৈতিক, অর্থনৈতিক, বিজ্ঞান ও প্রযুক্তি এবং সাংস্কৃতিক ক্ষেত্রগুলিতে কৌশলগত লক্ষ্য নির্ধারণ করে পাঁচ বছরে অর্জন করা হবে।

5. দুই নেতা দুই নেতা বিশেষ করে টেক্সটাইল, খাদ্য প্রক্রিয়াকরণ, স্বয়ংচালিত এবং পুনর্নবীকরণযোগ্য জ্বালানি খাতে দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সংযোগ আরও সম্প্রসারণের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। পুনর্নবীকরণযোগ্য এবং পরিচ্ছন্ন শক্তিতে দ্বিপাক্ষিক সহযোগিতার নতুন প্রেরণা প্রদানের জন্য, ভারত এবং ইতালি একটি যৌথ বিবৃতি জারি করেছে যা শক্তি স্থানান্তরের উপর একটি কৌশলগত অংশীদারিত্ব ঘোষণা করেছে এবং বড় আকারের সবুজ করিডোর প্রকল্প, স্মার্ট গ্রিড, শক্তি সঞ্চয়, গ্যাস পরিবহন, সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা (বর্জ্য থেকে সম্পদ), সবুজ হাইড্রোজেন উন্নয়ন ও স্থাপনা এবং জৈব জ্বালানীর প্রচার সমাধানের মতো ক্ষেত্রে অংশীদারিত্ব অন্বেষণ করতে সম্মত হয়েছেন। বৈঠকের ফাঁকে ভারত ও ইতালি বস্ত্র প্রস্তুত বা টেক্সটাইল সহযোগিতা সংক্রান্ত একটি বিবৃতিতেও স্বাক্ষর করেছে।

6. ভারতের প্রধানমন্ত্রী অতি দ্রুত সুযোগ অনুযায়ী সময়ে সরকারি সফরে ভারতে আসার জন্য প্রধান মন্ত্রী দ্রাঘিকৈ আমন্ত্রণ জানিয়েছেন।

রোম

অক্টবর 29, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.